



# মাতৃভাষা-বার্তা

৪র্থ বর্ষ : ২য় সংখ্যা

মে-আগস্ট ২০১৭
বৈশাখ-শ্রাবণ ১৪২৪


## প্রশিক্ষণ কর্মসূচি

### সরকারি কর্মকর্তাদের প্রমিত বাংলাভাষার ব্যবহার প্রশিক্ষণ

আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই) দাপ্তরিক কাজে ও যোগাযোগ মাধ্যমে প্রমিত বাংলাভাষার ব্যবহার সম্পর্কিত প্রশিক্ষণ কর্মসূচি নিয়মিতভাবে পরিচালনা করে আসছে। গত ১৪-১৮ মে ২০১৭ তারিখে অনুষ্ঠিত হয় 'সরকারি কর্মকর্তাদের দাপ্তরিক কাজে ও যোগাযোগ মাধ্যমে প্রমিত বাংলাভাষার ব্যবহার' শীর্ষক ৮ম ব্যাচের প্রশিক্ষণ কোর্স। সরকারি বিভিন্ন অধিদপ্তর, দপ্তর, সংস্থা, প্রতিষ্ঠান, বিভাগীয় কমিশনারের কার্যালয় এবং জেলাপ্রশাসন কর্তৃক মনোনীত ২৩ জন প্রথম শ্রেণির কর্মকর্তা এ কোর্সে অংশগ্রহণ করেন। প্রশিক্ষণ কর্মসূচির উদ্বোধন করেন আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের মহাপরিচালক ও বিশিষ্ট ভাষাবিজ্ঞানী অধ্যাপক জীনাত ইমতিয়াজ আলী। কোর্স পরিচালনার দায়িত্বে ছিলেন অতিরিক্ত সচিব ও ইনস্টিটিউটের পরিচালক (প্রশাসন, অর্থ ও পরিকল্পনা) শেখ মোঃ কাবেদুল ইসলাম। কোর্স সমন্বয়ক ও সহকারী সমন্বয়কের দায়িত্ব পালন করেন যথাক্রমে ড. মোঃ মহিউদ্দিন, পরিচালক (ভাষা, গবেষণা ও প্রশিক্ষণ) ও ড. মোঃ ইলতেমাস, সহকারী পরিচালক (প্রশিক্ষণ ও জাদুঘর)। পাঁচ দিনের এ প্রশিক্ষণের বিষয়বস্তু ছিল: বাংলাভাষার উদ্ভব, বিকাশ ও বর্তমান পরিস্থিতি; দাপ্তরিক কাজে পরিভাষার ব্যবহার; বাংলা বানান; সরকারি বিভিন্ন যোগাযোগ প্রক্রিয়া; সরকারি যোগাযোগ প্রক্রিয়ায় প্রচলিত প্রয়োগ-অপপ্রয়োগ; লিখন নৈপুণ্য : বৃদ্ধি ও উৎকর্ষ (তাত্ত্বিক ও ব্যবহারিক); উপযুক্ত বিরামচিহ্নের ব্যবহার; নোট উপস্থাপনা ও সারসংক্ষেপ লিখন; বাংলা উচ্চারণ ও International Phonetic Alphabet (IPA)-এর ব্যবহার; ফ্যাক্স, ইমেইল, জিপিই, এসএমএস, সাইবার বার্তা ও অন্যান্য ইলেকট্রনিক মাধ্যমে বাংলাভাষার ব্যবহার; গবেষণাপত্র প্রণয়ন : কৌশল ও পদ্ধতি এবং বাংলাভাষার আন্তর্জাতিকীকরণ ইত্যাদি। ভাষাবিজ্ঞানী, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, প্রশিক্ষণ বিশেষজ্ঞ ও ইনস্টিটিউটের অনুষদ সদস্যবৃন্দ প্রশিক্ষণের অধিবেশনসমূহ পরিচালনা করেন। ১৮ মে প্রশিক্ষণার্থীদের সনদ বিতরণের মধ্য দিয়ে কোর্সটি শেষ হয়।




৪-১৮ মে ২০১৭ অনুষ্ঠিত প্রশিক্ষণে ইনস্টিটিউটের মহাপরিচালক, সংশ্লিষ্ট কর্মকর্তাসহ প্রশিক্ষণার্থীবৃন্দ






২১-২৫ মে ২০১৭ অনুষ্ঠিত প্রশিক্ষণে ইনস্টিটিউটের মহাপরিচালক
সংশ্লিষ্ট কর্মকর্তাসহ পিটিআই-এর প্রশিক্ষণার্থীবৃন্দ

## সরকারি পিটিআই প্রশিক্ষকদের প্রমিত বাংলাভাষার ব্যবহার সংক্রান্ত প্রশিক্ষণ

'সরকারি প্রাইমারি টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট (পিটিআই)-এর প্রশিক্ষকদের পাঠদান প্রক্রিয়ায় প্রমিত বাংলাভাষার ব্যবহার' শীর্ষক ৯ম ব্যাচের প্রশিক্ষণ কোর্স গত ২১-২৫ মে ২০১৭ তারিখে অনুষ্ঠিত হয়। প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক মনোনীত সরকারি প্রাইমারি ট্রেনিং ইনস্টিটিউট (পিটিআই)-এর ২৮ জন প্রশিক্ষক এ কোর্সে অংশগ্রহণ করেন। কোর্সের আনুষ্ঠানিক উদ্বোধন করেন আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের মহাপরিচালক অধ্যাপক জীনাত ইমতিয়াজ আলী। কোর্সটি পরিচালনার দায়িত্বে ছিলেন অতিরিক্ত সচিব শেখ মোঃ কাবেদুল ইসলাম; কোর্স সমন্বয়ক ও সহকারী সমন্বয়ক ছিলেন যথাক্রমে ড. মোঃ মহিউদ্দিন ও ড. মোঃ ইলতেমাস। পাঁচ দিনের এ কোর্সের প্রশিক্ষণের বিষয় ছিল: বাংলাভাষার উদ্ভব, বিকাশ ও বর্তমান পরিস্থিতি; প্রমিত বাংলা উচ্চারণ (তাত্ত্বিক); বাংলা বানান; বাঙালির নৃতাত্ত্বিক পরিচয়; প্রমিত বাংলা উচ্চারণ (প্রায়োগিক); লিখন নৈপুণ্য : বৃদ্ধি ও উৎকর্ষ (তাত্ত্বিক ও প্রায়োগিক); উপযুক্ত বিরামচিহ্নের ব্যবহার; তথ্য-প্রযুক্তির মাধ্যমে শ্রেণি-পাঠদান প্রক্রিয়ায় বাংলাভাষার ব্যবহার; বাংলা থেকে ইংরেজিতে প্রতিবর্ণায়ন (Transliteration); বাংলাভাষার আন্তর্জাতিকীকরণ ইত্যাদি। ভাষাবিজ্ঞানী, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, প্রশিক্ষণ বিশেষজ্ঞ ও ইনস্টিটিউটের অনুষদ সদস্যবৃন্দ প্রশিক্ষণের অধিবেশনসমূহ পরিচালনা করেন। প্রশিক্ষণ শেষে ২৫ মে ২০১৭ তারিখে অনুষ্ঠিত হয়– 'কোর্স সমাপনী ও সনদ প্রদান অনুষ্ঠান'। ইনস্টিটিউটের কর্মকর্তাবৃন্দ এ সময় উপস্থিত ছিলেন।

## ভাষা-জাদুঘর পরিদর্শন

দেশ-বিদেশের বিশিষ্ট ব্যক্তিবর্গ, শিক্ষার্থী ও সমাজের নানা শ্রেণি-পেশার মানুষ আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই)-এর দৃষ্টিনন্দন ভাষা-জাদুঘর নিয়মিতভাবে পরিদর্শন করতে আসেন। মে-আগস্ট ২০১৭ দু-জন বিদেশিসহ মোট ১২২ জন দর্শনার্থী ভাষা-জাদুঘর পরিদর্শন করেন। দর্শনার্থীরা ভাষা-জাদুঘর পরিদর্শনের পর নিজস্ব মন্তব্য ও সুপারিশ পরিদর্শন-বইয়ে লিপিবদ্ধ করেন। যেমন, *দৈনিক প্রথম আলো*-র সিনিয়র মডারেটর শওকত আলী গত ৪ জুন ২০১৭ ভাষা-জাদুঘর পরিদর্শন শেষে পরিদর্শন-বইয়ে লেখেন: "পৃথিবীর সকল মাতৃভাষা বেঁচে থাকার নির্ভরযোগ্য প্রতিষ্ঠান হিসাবে নেতৃত্ব দেবে আমাদের এই প্রতিষ্ঠান।" বিশিষ্ট লেখক সিরাজুল ইসলাম ১১ মে ২০১৭ ভাষা-জাদুঘরটি পরিদর্শন শেষে লিখেছেন: "জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ের ভাষাবৈচিত্র্য ও অন্যান্য বিষয়াদি দেখে আমি মুগ্ধ।"

জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)-তে অনুষ্ঠিত ১৫০তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণকারী বিসিএস সাধারণ শিক্ষা ক্যাডারের নবীন প্রশিক্ষণার্থীদের একটি দল ৬ আগস্ট ২০১৭ ভাষা-জাদুঘর পরিদর্শন করে। উল্লেখ্য, বর্তমানে ভাষা-জাদুঘরের আধুনিকায়ন ও অটোমেশনের কাজ চলছে। একাজ সম্পন্ন হলে পরিদর্শকগণ দেশ-বিদেশের ভাষাসম্পর্কিত আরও অনেক অজানা তথ্য জানতে পারবেন।




নায়েম-এর ১৫০তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণকারী
নবীন প্রশিক্ষণার্থী প্রতিনিধিদের ভাষা জাদুঘর পরিদর্শন

ভাষা-জাদুঘর সরকারি ছুটির দিন ব্যতীত অফিস চলাকালে প্রতিদিন সকাল ১০টা থেকে বিকাল ৪:৩০টা পর্যন্ত দর্শনার্থীদের পরিদর্শনের জন্য খোলা থাকে। এছাড়াও বিশেষ-ব্যবস্থাপনায় ২৬ মার্চ স্বাধীনতা ও জাতীয় দিবস, ১৫ আগস্ট জাতীয় শোক দিবস এবং ১৬ ডিসেম্বর বিজয় দিবস উপলক্ষে দর্শনার্থীদের জন্য ভাষা-জাদুঘর খোলা রাখার ব্যবস্থা করা হয়। জাদুঘর পরিদর্শনের জন্য কোনো ফি নেয়া হয় না।

## সিলেট অঞ্চলের উপভাষা : রূপবৈচিত্র্য অনুসন্ধান, সংরক্ষণ ও সম্ভাবনা শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত

সিলেট বিভাগীয় কমিশনারের কার্যালয়ের বহুতল ভবনের নীচতলার সম্মেলন কক্ষে গত ৩০ জুলাই ২০১৭ অনুষ্ঠিত হয় 'সিলেট অঞ্চলের উপভাষা : রূপবৈচিত্র্য অনুসন্ধান, সংরক্ষণ ও সম্ভাবনা' শীর্ষক কর্মশালা। সকাল ৯টা থেকে বিকাল ৩টা পর্যন্ত অনুষ্ঠিত এ কর্মশালার অর্থায়ন ও আয়োজন করে শিক্ষা মন্ত্রণালয়াধীন আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই) এবং কর্মশালা বাস্তবায়নে সার্বিক সহযোগিতা প্রদান করে বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট। বিভাগের ৪টি জেলা– সিলেট, মৌলভীবাজার, হবিগঞ্জ ও সুনামগঞ্জ থেকে আগত বাংলা উপভাষা বিষয়ক গবেষক, সরকারি কলেজ-বিশ্ববিদ্যালয়ের বিশেষজ্ঞ অধ্যাপক, কবি-সাহিত্যিক, সংস্কৃতিকর্মী, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিক এবং সরকারি কর্মকর্তাগণ এতে অংশগ্রহণ করেন। কর্মশালায় সভাপতিত্ব করেন বিভাগীয় কমিশনার (অতিরিক্ত সচিব) মোছাম্মৎ নাজমানারা খানুম। প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে কর্মশালার শুভ উদ্বোধন করেন বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মাননীয় চেয়ারম্যান ও কবি ড. মোহাম্মদ সাদিক। এ সময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের সচিব বেগম আখতারী মমতাজ (সাবেক সচিব, সংস্কৃতি মন্ত্রণালয়); শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের অতিরিক্ত সচিব চৌধুরী মুফাদ আহমেদ এবং আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের অন্তর্বর্তীকালীন মহাপরিচালক শেখ মোঃ কাবেদুল ইসলাম।




সিলেট অঞ্চলের উপভাষা : রূপবৈচিত্র্য অনুসন্ধান, সংরক্ষণ ও সম্ভাবনা শীর্ষক কর্মশালায়
প্রধান অতিথি ড. মোহাম্মদ সাদিক, মাননীয় চেয়ারম্যান, পিএসসি ও অন্যান্য অতিথিবৃন্দ

কর্মশালায় কৌশলপত্র/ধারণাপত্র (Concept paper) উপস্থাপন করেন আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের পরিচালক (ভাষা, গবেষণা ও প্রশিক্ষণ) ড. মোঃ মহিউদ্দিন। কর্মশালায় অংশগ্রহণকারীদের মধ্যে ছিলেন জনাব মোঃ আজম খান, অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক), সিলেট বিভাগ; জনাব ফারজানা সিদ্দিকা, অধ্যাপক, বাংলা বিভাগ, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়; জনাব নিলুফা আক্তার, সহযোগী অধ্যাপক, বাংলা বিভাগ, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়; ড. মোঃ জফির উদ্দিন, সহযোগী অধ্যাপক, বাংলা বিভাগ, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়; জনাব নীলিমা চন্দ, অধ্যাপক, সরকারি মহিলা কলেজ, সিলেট; ড. আবুল ফতেহ ফাত্তাহ, অধ্যক্ষ, মদন মোহন কলেজ, সিলেট; ড. মোস্তাক আহমদ দ্বীন, অধ্যক্ষ, সিলেট কমার্স কলেজ, মিরের ময়দান, সিলেট প্রমুখ।

## বরিশাল অঞ্চলের উপভাষা : রূপবৈচিত্র্য অনুসন্ধান, সংরক্ষণ ও সম্ভাবনা শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত

আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই)-এর অর্থায়ন ও আয়োজনে এবং বরিশাল বিভাগীয় কমিশনারের কার্যালয়ের সহযোগিতায় ২৪ আগস্ট ২০১৭ দিনব্যাপী বরিশাল সার্কিট হাউজ হলরুমে অনুষ্ঠিত হয় 'বরিশাল অঞ্চলের উপভাষা: রূপবৈচিত্র্য অনুসন্ধান, সংরক্ষণ ও সম্ভাবনা' শীর্ষক কর্মশালা। বিভাগের ৬টি জেলা– বরিশাল, বরগুনা, পটুয়াখালী, ঝালকাঠী, পিরোজপুর ও ভোলা থেকে আগত বাংলাভাষা ও উপভাষা বিষয়ক গবেষক-পণ্ডিত, কবি-সাহিত্যিক, সরকারি-বেসরকারি কর্মকর্তা, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিক ও বরিশাল অঞ্চলের সংস্কৃতিকর্মীবৃন্দ এতে অংশগ্রহণ করেন। এ কর্মশালা দুটি পর্বে ভাগ করে পরিচালিত হয়। প্রথমপর্বে উপস্থিত অতিথিবৃন্দের পরিচিতিসহ 'বরিশাল অঞ্চলের উপভাষা : রূপবৈচিত্র্য অনুসন্ধান, সংরক্ষণ ও সম্ভাবনা' বিষয়ক মূল কৌশলপত্র পাঠ এবং এসম্পর্কিত বিভিন্ন প্রশ্নোত্তর এবং দ্বিতীয়পর্বে ছিল বরিশাল অঞ্চলের উপভাষার রূপবৈচিত্র্য অনুসন্ধান, সংরক্ষণ ও সম্ভাবনা– এ তিনটি বিষয়ে অংশগ্রহণকারীগণের দলভিত্তিক আলোচনা লিপিবদ্ধকরণ ও উপস্থাপন এবং প্রশ্নোত্তর।

বরিশালের বিভাগীয় কমিশনার মোঃ শহিদুজ্জামান (অতিরিক্ত সচিব) প্রধান অতিথি হিসেবে কর্মশালার উদ্বোধন করেন। এতে বিশেষ অতিথি ছিলেন আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের অন্তর্বর্তীকালীন মহাপরিচালক

(অতিরিক্ত সচিব) শেখ মোঃ কাবেদুল ইসলাম। আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের পরিচালক (ভাষা, গবেষণা ও প্রশিক্ষণ) ড. মোঃ মহিউদ্দিন কৌশলপত্র উপস্থাপন করেন।




বরিশাল অঞ্চলের উপভাষা : রূপবৈচিত্র্য অনুসন্ধান, সংরক্ষণ ও সম্ভাবনা শীর্ষক কর্মশালায় প্রধান অতিথি বরিশালের বিভাগীয় কমিশনার, মহাপরিচালক ও অন্যান্য অতিথিবৃন্দ

কর্মশালায় অংশগ্রহণকারীদের মধ্যে ছিলেন মোঃ হাবিবুর রহমান, জেলা প্রশাসক, বরিশাল; মোঃ মামুনুর রশিদ, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), পটুয়াখালী; সুব্রত কুমার সিকদার, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), ভোলা; মোঃ মোস্তাফিজুর রহমান, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), পিরোজপুর; উম্মে সালমা, সহকারী পরিচালক, প্রাথমিক শিক্ষা, বরিশাল বিভাগ, বরিশাল; আসমা চৌধুরী, সহকারী অধ্যাপক, তফাজ্জল হোসেন মানিক মিয়া মহিলা কলেজ, বরিশাল; শারমিন আক্তার, সহকারী অধ্যাপক, বাংলা বিভাগ, বরিশাল বিশ্ববিদ্যালয়, বরিশাল প্রমুখ।

## শিক্ষাসফর

শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ এবং আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের কর্মকর্তাদের সমন্বয়ে গঠিত ৫-সদস্যের একটি প্রতিনিধিদল গত ১১-২১ জুন ২০১৭ পর্যন্ত ভারতের পশ্চিমবঙ্গের বিভিন্ন সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান পরিদর্শন করেন। প্রতিনিধি দলে ছিলেন শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) ড. অরুণা বিশ্বাস; আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের অতিরিক্ত সচিব ও পরিচালক (প্রশাসন ও অর্থ) শেখ মোঃ কাবেদুল ইসলাম; উপসচিব ও পরিচালক (ভাষা, গবেষণা ও প্রশিক্ষণ) ড. মোঃ মহিউদ্দিন; সহকারী পরিচালক (সেমিনার) শেখ শামীম ইসলাম এবং সহকারী পরিচালক (প্রশাসন ও অর্থ) মোহাম্মদ মাহবুবুর রহমান খান।

এ সফরের উদ্দেশ্য ছিল ভারতের পশ্চিমবঙ্গের বিভিন্ন আর্কাইভ ও ডিজিটাল 'লাইব্রেরির সমসাময়িক অবস্থা, ডিজিটাল লাইব্রেরি ও আর্কাইভের সুবিধাদি সম্পর্কে প্রত্যক্ষ জ্ঞান ও অভিজ্ঞতা অর্জন। এছাড়া ডিজিটাল লাইব্রেরি ও আর্কাইভের কার্যক্রমের উপাদানসমূহ ও পরিচালনা সম্পর্কিত চ্যালেঞ্জসমূহ অবহিত হওয়া ইত্যাদি। প্রতিনিধিদল এশিয়াটিক সোসাইটি, কলিকাতা বিশ্ববিদ্যালয়, খড়গপুরের ইন্ডিয়ান ইনস্টিটিউট অব টেকনোলোজি, ইন্ডিয়ান স্ট্যাটিস্টিক্যাল ইনস্টিটিউট, যাদবপুর বিশ্ববিদ্যালয়, বিশ্বভারতী, শান্তিনিকেতন, কলকাতায় অবস্থিত ভারতীয় জাদুঘর, বঙ্গীয় সাহিত্য পরিষদ ও ভারতের জাতীয় লাইব্রেরি পরিদর্শন এবং সংশ্লিষ্টদের সঙ্গে মতবিনিময় করেন।




ভারতের পশ্চিমবঙ্গের খড়গপুরস্থ আইআইটি-র গ্রন্থাগারের সামনে শিক্ষাসফরে অংশগ্রহণকারী দলের কর্মকর্তা ও অন্যান্য

## পনেরই আগস্ট জাতীয় শোক দিবসে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ

যথাযোগ্য মর্যাদায় ও ভাবগাম্ভীর্যের মধ্য দিয়ে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট ১৫ আগস্ট জাতীয় শোক দিবস ২০১৭ পালন করে। এ উপলক্ষে ইনস্টিটিউট চত্বর জাতির জনকের চিত্রসম্বলিত ব্যানারে সজ্জিত করা হয়। ভোর ৬টায় অতিরিক্ত সচিব ও আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের মহাপরিচালক (অন্তর্বর্তীকালীন) শেখ মোঃ কাবেদুল ইসলামের নেতৃত্বে পরিচালক (ভাষা, গবেষণা ও প্রশিক্ষণ) ড. মোঃ মহিউদ্দিন-সহ ইনস্টিটিউটের কর্মকর্তা-কর্মচারীগণ ধানমন্ডিতে অবস্থিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন।

## শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক জাতীয় শোক দিবস পালন

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪২তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে ১৭ আগস্ট শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের উদ্যোগে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট অডিটোরিয়ামে আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়। মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিব মোঃ সোহরাব হোসাইনের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনাসভার প্রধান অতিথি ছিলেন শিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব নুরুল ইসলাম নাহিদ এম.পি। বিশেষ অতিথি ছিলেন শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদরাসাশিক্ষা বিভাগের সচিব মোঃ আলমগীর এবং মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক প্রফেসর ড. এস এম ওয়াহিদুজ্জামান। মুখ্য আলোচক হিসেবে স্মৃতিচারণ করেন বঙ্গবন্ধুর সাহচর্যধন্য বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ড. মোহাম্মদ ফরাসউদ্দিন। বঙ্গবন্ধুকে নিবেদিত স্বরচিত কবিতা পাঠ করেন আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের মহাপরিচালক (অন্তর্বর্তীকালীন) শেখ মোঃ কাবেদুল ইসলাম। অনুষ্ঠানে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের বিদেহী আত্মার মাগফিরাত কামনা করে বিশেষ দোয়া ও মোনাজাত করা হয়।




আলোচনা সভা ও দোয়া মাহফিলে প্রধান অতিথি শিক্ষামন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব নুরুল ইসলাম নাহিদ, এম.পি ও সভাপতি মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিব জনাব মোঃ সোহরাব হোসাইনসহ অন্যান্য অথিতিবৃন্দ

## আমাই দ্বিতীয়পর্যায় প্রকল্পের অগ্রগতি


আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের দ্বিতীয়পর্যায়ের প্রকল্পের দু-ধরনের কাজের মধ্যে পূর্তকাজের ৯৮% কাজ ইতিমধ্যে শেষ হয়েছে। বর্তমানে ভবনের দক্ষিণপাশের সীমানাপ্রাচীর সংলগ্ন অংশে ফুলের বাগানসহ ভবনের চতুর্দিকে অ্যাপ্রন নির্মাণ এবং পঞ্চম ও ষষ্ঠ তলায় এয়ারকন্ডিশন মেশিন বসানোর কাজ চলছে। অন্যদিকে ভবনের অভ্যন্তরভাগে লাইব্রেরি অটোমেশন, ভাষা-জাদঘর ও আর্কাইভ ডিজিটালাইজেশনের কাজ চলমান, যার ৮০% কাজ ইতিমধ্যে সম্পন্ন হয়েছে। উল্লেখ্য, কম্পিউটার সফ্‌টওয়ার ও ডাটাবেস তৈরি এবং আর্কাইভে বিশ্বের ২০০টি ভাষার লিখনবিধি স্থাপন, ভাষা-জাদুঘরে সফ্‌টওয়ার তৈরি ও আধুনিকায়নের কাজ চলমান।

## জার্নাল প্রকাশ

আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের ভাষা বিষয়ক ষাণ্মাসিক গবেষণা পত্রিকা (বাংলা) বর্ষ ৩, সংখ্যা ১-২ (জুন ২০১৭) *মাতৃভাষা* সম্প্রতি প্রকাশিত হয়েছে। এ সংখ্যার বিষয়সূচিতে রয়েছে– *শিক্ষায় বহুভাষিকতা : মাতৃভাষা ও অন্য ভাষা* (কৃষ্ণা ভট্টাচার্য); *উপভাষার সাংগঠনিক বিশ্লেষণ এবং সমাজভাষাতাত্ত্বিক বিবেচনা : সিলেটের উপভাষা প্রসঙ্গ* (সেলু বাসিত); *কাজী নজরুল ইসলামের 'বিদ্রোহী' : পুরাণ ও ধর্মীয় বিষয়ানুষঙ্গ* (কাবেদুল ইসলাম); *মধ্যযুগের বাংলার শিক্ষাব্যবস্থার রূপরেখা* (মো. ওসমান গনী); *খুলনার উপভাষায় স্বরধ্বনির ব্যবহার ও বৈচিত্র্য* (মিজানুর রহমান); *রাজবংশী ভাষা* (অশোক বিশ্বাস); *ঠাকুরগাঁও অঞ্চলের উপভাষা সংগ্রহ : আঞ্চলিক ও সমাজভাষিক বৈচিত্র্য বিশ্লেষণ* (মোঃ ইলতেমাস); *সাতক্ষীরা জেলার গ্রামীণ শব্দ* (সিরাজুল ইসলাম)।

ইতিপূর্বে *মাতৃভাষা*, জানুয়ারি-জুন বর্ষ ১, সংখ্যা ১, ২০১৫ সংখ্যা প্রকাশিত হয়েছে। এর প্রবন্ধসূচিতে রয়েছে– *মাতৃভাষা ও পশ্চিমবঙ্গের মাতৃভাষা প্রসঙ্গ* (কৃষ্ণা ভট্টাচার্য); *জবান-জমিনের আবাদ* (প্রবাল দাশগুপ্ত); *মাতৃভাষা : ভাব, ভাবনা ও সম্ভাবনা* (হাকিম

আরিফ); *আমাদের মাতৃভাষা মণিপুরি* (এ কে শেরাম); *মণিপুরি বিষ্ণুপ্রিয়া ভাষা : সংরক্ষণ ও উন্নয়ন* (রণজিত সিংহ); *ককবরক ভাষার সংক্ষিপ্ত বৃত্তান্ত* (মথুরা বিকাশ ত্রিপুরা); *সান্তালি : সান্তাল জাতিসত্তার মাতৃভাষা* (এস সি আলবার্ট সরেন); *তঞ্চঙ্গ্যা ভাষার ব্যাকরণ ও লিখনব্যবস্থা* (কর্মধন তঞ্চঙ্গ্যা); *বম ভাষা ও ভাষিক সম্প্রদায়* (জির কুং সাহু); *বাংলাদেশের খিয়াং ভাষা* (থয়সাপ্রু খিয়াং); *রাখাইন সম্প্রদায় ও রাখাইন ভাষা* (ক্যথিংঅং)। এর আগের সংখ্যা (বর্ষ ২, সংখ্যা ১, জানুয়ারি-জুন ২০১৬)-র বিষয়সূচিতে রয়েছে– *প্রমিত বাংলা উচ্চারণ : দুই বাংলার সহযোগ* (মহাম্মদ দানীউল হক); *বাংলাভাষার অভিধান ও ভাষাশিক্ষা* (কৃষ্ণা ভট্টাচার্য); *বাংলাদেশের দুটি ক্ষুদ্র নৃগোষ্ঠীর ভাষা : চাকমা ও মারমা* (সুগত চাকমা); *বাংলাদেশের নৃভাষাবৈজ্ঞানিক পরিস্থিতি* (ড. সিকদার মনোয়ার মুর্শেদ); *কামাল চৌধুরীর কবিতায় ভাষা ও শব্দ* (কাবেদুল ইসলাম); *বাংলা অভিধানচর্চা* (স্বরোচিষ সরকার); *একুশ শতকে বাংলাদেশে উপভাষা পরিস্থিতি* (তপতী রানী সরকার); *বাংলা-ইংরেজি সংহিতান্তর সমীক্ষা : বাংলাদেশ প্রেক্ষাপট* (সৈয়দ শাহরিয়ার রহমান); *বাংলাদেশের ইংরেজি ভাষা-পরিস্থিতি* (মাসরুর শাহিদ হোসেন); *সংবাদপত্রে বাংলাভাষার প্রয়োগ প্রবণতা* (শেখ মোহাম্মদ শফিউল ইসলাম ও রফিকুজ্জামান); *গারো ভাষা ও বাংলাদেশের গারো জনগোষ্ঠী* (বাঁধন আরেং)।




ভাষাবিষয়ক গবেষণা পত্রিকা *মাতৃভাষার* প্রচ্ছদচিত্র

## অন্তর্বর্তীকালীন মহাপরিচালকের দায়িত্ব গ্রহণ

আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের মহাপরিচালক অধ্যাপক ড. জীনাত ইমতিয়াজ আলী তাঁর মেয়াদ শেষে ৩১ মে ২০১৭ তাঁর মূল কর্মস্থল ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাষাবিজ্ঞান বিভাগে প্রত্যাবর্তন করেন। উল্লেখ্য, তিনি গত ১৭ এপ্রিল ২০১১ আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে মহাপরিচালক হিসেবে প্রথম মেয়াদে দায়িত্বভার গ্রহণ করেন। এর আগেও এ পদে তিনি বিভিন্ন মেয়াদে ১৭-৪-২০১১ থেকে ১৬-৪-২০১৩, ০২-৫-২০১৩ থেকে ০১-৫-২০১৪, ০১-৬-২০১৪ থেকে ৩১-৫-২০১৫, ০১-৬-২০১৫ থেকে ৩১-৫-২০১৬ এবং ০১-৬-২০১৬ থেকে ৩১-৫-২০১৭ পর্যন্ত কর্মরত ছিলেন।

অন্তর্বর্তীকালীন মহাপরিচালক হিসেবে জুন ২০১৭ থেকে দায়িত্ব পালন করছেন অতিরিক্ত সচিব এবং ইনস্টিটিউটের পরিচালক (প্রশাসন, অর্থ ও পরিকল্পনা) শেখ মোঃ কাবেদুল ইসলাম।

## মন্ত্রী ও সচিবগণের উপস্থিতিতে আমাই অডিটোরিয়ামে অনুষ্ঠিত অনুষ্ঠানসমূহ (১৮ মে – ১৭ আগস্ট ২০১৭)

১. গত ১৮ মে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট অডিটোরিয়ামে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের আয়োজনে 'জেনারেশন ব্রেকথ্রু' প্রকল্পভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানসমূহের প্রধানদের নিয়ে এক অভিজ্ঞতা বিনিময় সভা অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি ছিলেন মাননীয় শিক্ষামন্ত্রী জনাব নুরুল ইসলাম নাহিদ এম.পি। মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক প্রফেসর ড. এস এম ওয়াহিদুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠিত এ সভায় বিশেষ অতিথি ছিলেন শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিব জনাব মোঃ সোহরাব হোসাইন।




'জেনারেশন ব্রেকথ্রু' প্রকল্পভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানসমূহের প্রধানগণের সঙ্গে অভিজ্ঞতা বিনিময় অনুষ্ঠানে মাননীয় শিক্ষামন্ত্রী জনাব নুরুল ইসলাম নাহিদ এম.পি, শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিব জনাব মোঃ সোহরাব হোসাইন ও মাউশি-র মহাপরিচালক প্রফেসর ড. এস এম ওয়াহিদুজ্জামান প্রমুখ

২. গত ১৮ মে বাংলাদেশ জাতীয় স্কুল ও মাদরাসা ক্রীড়া সমিতির জাতীয় পর্যায়ে ৪৫তম গ্রীষ্মকালীন ক্রীড়া-২০১৬ ও ৪৬তম শীতকালীন ক্রীড়া-২০১৭ প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন ও রানার আপ ৫৬টি শিক্ষা প্রতিষ্ঠানকে

পুরস্কার প্রদান করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মাননীয় শিক্ষামন্ত্রী জনাব নুরুল ইসলাম নাহিদ এম.পি। বিশেষ অতিথি ছিলেন শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিব মোঃ সোহরাব হোসাইন; কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত সচিব জনাব মোঃ আলমগীর এবং মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডের চেয়ারম্যান জনাব মোঃ মাহাবুবুর রহমান।

৩. গত ৭ জুন মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের প্রশিক্ষণ উইংয়ের অধীনে পরিচালিত রাজস্ব বাজেটের আওতায় প্রশিক্ষণপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে সনদ বিতরণ করা হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় শিক্ষামন্ত্রী জনাব নুরুল ইসলাম নাহিদ এম.পি এবং বিশেষ অতিথি শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিব মোঃ সোহরাব হোসাইন।

৪. গত ২২ জুন 'শিক্ষা মন্ত্রণালয় কমকর্তা-কর্মচারী সমবায় সমিতি লি.'-এর আয়োজনে ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি ছিলেন মাননীয় শিক্ষামন্ত্রী জনাব নুরুল ইসলাম নাহিদ এম.পি। অনুষ্ঠানে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিব মোঃ সোহরাব হোসাইন এবং কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত সচিব মোঃ আলমগীর বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

৫. গত ১৯ জুন মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরভুক্ত '৩১৫ উপজেলা সদরে নির্বাচিত বেসরকারি বিদ্যালয়সমূহকে মডেল বিদ্যালয়ে রূপান্তর' প্রকল্পভুক্ত মডেল বিদ্যালয়সমূহে বই বিতরণ করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মাননীয় শিক্ষামন্ত্রী জনাব নুরুল ইসলাম নাহিদ এম.পি।

৬. গত ১৩ জুলাই মাননীয় প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের ২০১৫-১৬ অর্থবছরের স্নাতক (পাস) ও সমমান পর্যায়ের শিক্ষার্থীদের উপবৃত্তি প্রদান আমাই-এর অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়। উপবৃত্তি প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মাননীয় শিক্ষামন্ত্রী জনাব নুরুল ইসলাম নাহিদ এম.পি।

৭. গত ২০ জুলাই টিকিউআই-২ প্রকল্পের বৈদেশিক প্রশিক্ষণের আওতায় ফিলিপাইন, নিউজিল্যান্ড ও অস্ট্রেলিয়ায় প্রশিক্ষণপ্রাপ্ত কর্মকর্তা/শিক্ষকগণের প্রশিক্ষণলব্ধ অভিজ্ঞতা বিনিময় সভা অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি ছিলেন মাননীয় শিক্ষামন্ত্রী জনাব নুরুল ইসলাম নাহিদ এম.পি। মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক প্রফেসর ড. এস এম ওয়াহিদুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠিত এ সভায় বিশেষ অতিথি ছিলেন শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিব মোঃ সোহরাব হোসাইন এবং কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগের সচিব জনাব মোঃ আলমগীর।



টিকিউআই-২ প্রকল্পের বৈদেশিক প্রশিক্ষণপ্রাপ্ত কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময় অনুষ্ঠানে বক্তৃতারত মাননীয় শিক্ষামন্ত্রী

৮. গত ২২ জুলাই বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ ও বিদ্যুৎ, জ্বালানি এবং খনিজ সম্পদ মন্ত্রণালয়ের 'ব্লু ইকোনমি সেল'-এর যৌথ উদ্যোগে *Legal Regime at Sea and Governance of Maritime Resources for Sustainable Blue Economy* শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়। রিয়ার অ্যাডমিরাল এএসএম আবদুল বাতেন, (ই) বিএসপি, এনডিসি, পিএসসি, বিএন-এর সভাপতিত্বে অনুষ্ঠিত এ সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় শিক্ষামন্ত্রী জনাব নুরুল ইসলাম নাহিদ এম.পি.।

৯. গত ১২ আগস্ট শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের আয়োজনে অনুষ্ঠিত হয় মাঠপর্যায়ের প্রকৌশলীগণের সমন্বয়ে ২০১৭-১৮ অর্থবছরের বিভিন্ন উন্নয়নমূলক কাজের বাস্তবায়ন ও অগ্রগতি বিষয়ক মতবিনিময় সভা এবং নবনিয়োগপ্রাপ্ত সহকারী প্রকৌশলী ও উপসহকারী প্রকৌশলীদের মধ্যে মোটরসাইকেল বিতরণ অনুষ্ঠান। অধিদপ্তরের প্রধান প্রকৌশলী দেওয়ান মোহাম্মদ হানজালার সভাপতিত্বে অনুষ্ঠিত এ সভায় প্রধান অতিথি ছিলেন মাননীয় শিক্ষামন্ত্রী জনাব নুরুল ইসলাম নাহিদ এম.পি.। বিশেষ অতিথি ছিলেন শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিব মোঃ সোহরাব হোসাইন এবং কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগের সচিব জনাব মোঃ আলমগীর।

১০. গত ১৭ আগস্ট মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের আওতাধীন উপজেলা অ্যাকাডেমিক সুপারভাইজারদের মধ্যে মোটরসাইকেল, বিভিন্ন সংস্থাকে ল্যাপটপ ও *বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ দলিলপত্র* বিতরণ করা হয়। মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক প্রফেসর ড. এস এম ওয়াহিদুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠিত এ সভায় প্রধান অতিথি ছিলেন মাননীয় শিক্ষামন্ত্রী জনাব নুরুল ইসলাম নাহিদ এম.পি, এবং বিশেষ অতিথি ছিলেন শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিব মোঃ সোহরাব হোসাইন।



বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি আয়োজিত অনুষ্ঠানে মাননীয় শিক্ষামন্ত্রী জনাব নুরুল ইসলাম নাহিদ এমপি, উপাচার্য রিয়ার অ্যাডমিরাল এএসএম আবদুল বাতেন প্রমুখ

# লেখা আহ্বান

আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট কর্তৃক বাংলা ও ইংরেজি ভাষায় প্রকাশিত ষাণ্মাসিক *মাতৃভাষা* এবং Half yearly ***Mother Language*** জার্নালের জন্য নিম্নবর্ণিত বিষয়ে গবেষণাধর্মী প্রবন্ধ আহ্বান করা যাচ্ছে।

বাংলাদেশ ও বহির্বিশ্বের মাতৃভাষা পরিস্থিতিসহ শিক্ষা ও সংস্কৃতি; লিখনব্যবস্থা নেই–এমন মাতৃভাষার লিখনব্যবস্থা প্রবর্তন, মাতৃভাষার ধ্বনিতত্ত্ব, রূপতত্ত্ব, বাক্যতত্ত্ব অনুসন্ধান; ভাষাসংরক্ষণ ও প্রমিতায়নের বিভিন্ন পদ্ধতি ও তার প্রয়োগ; মাতৃভাষায় অভিধান ও শিশুপাঠ্য প্রণয়ন ও শিক্ষক প্রশিক্ষণ; বিপন্ন ও প্রায়-বিলুপ্ত ভাষার সংরক্ষণ ও প্রমিতায়ন; টেকসই উন্নয়নে ভাষিক উন্নয়ন ও আধুনিকায়ন; শিক্ষা পরিকল্পনায় মাতৃভাষার গুরুত্ব; বহুভাষিক রাষ্ট্রে ভাষিক বৈচিত্র্য সংরক্ষণ ও শিক্ষা কার্যক্রমে ভাষাপরিকল্পনা; বাংলাদেশের ভাষানীতি ও ভাষাব্যবস্থাপনা; গণমাধ্যম ও মাতৃভাষার বিকাশ; মাতৃভাষার সঙ্গে সম্পর্কিত ইতিহাস, প্রত্নতত্ত্ব, নৃবিজ্ঞান ও সংস্কৃতি ইত্যাদি।

- প্রবন্ধ অবশ্যই অপ্রকাশিত ও মৌলিক হতে হবে;
- লেখা Unicode Font-এ হতে হবে। তবে প্রয়োজনে/অপারগতায় Sutonny MJ-ও অনুসরণ করা যাবে;
- ইংরেজি ভাষায় লিখিত প্রবন্ধের জন্য Times New Roman Font অনুসরণ করতে হবে;
- প্রবন্ধের সঙ্গে একটি Abstract বা সারসংক্ষেপ থাকতে হবে (ন্যূনাধিক ১৫০ শব্দে);
- Citation বা উল্লেখের ক্ষেত্রে APA (American Psychological Association) পদ্ধতি অনুসরণ কাম্য;
- *মাতৃভাষা*র জন্য বাংলায় এবং *Mother Language*-এর জন্য ইংরেজি ভাষায় প্রবন্ধ লিখতে হবে;
- প্রকাশিত প্রবন্ধের জন্য লেখককে আমাই নির্ধারিত সম্মানী প্রদান করা হবে;
- নির্বাচিত প্রবন্ধ স্থানাভাবে প্রকাশ করা সম্ভব না হলে পরবর্তী সংখ্যায় প্রকাশিত হবে;
- প্রবন্ধের সফ্‌ট (soft) এবং মুদ্রিত (hard) কপি নিম্ন ঠিকানায় পাঠাতে হবে:
  imli.moebd@gmail.com, drabiswas1971@gmail.com, mamunimli21@gmail.com
  মহাপরিচালক, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট, (১/ক, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি, সেগুনবাগিচা, ঢাকা-১০০০)।
- *মাতৃভাষা* জানুয়ারি-জুন ২০১৮ সংখ্যার জন্য লেখা পাঠানোর শেষ সময় ৩১ মার্চ ২০১৮। এছাড়া সারা বছরই লেখা জমা দেওয়া যাবে।

প্রাপকের অবর্তমানে নিচের ঠিকানায় ফেরত দেওয়ার জন্য অনুরোধ করা হলো :

আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই)
১/ক, সেগুনবাগিচা (শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি)
ঢাকা ১০০০

প্রাপক

সম্পাদক: শেখ মোঃ কাবেদুল ইসলাম
নির্বাহী সম্পাদক: ড. মোঃ মহিউদ্দিন
সহযোগিতায়: ড. অশোক কুমার বিশ্বাস, ড. মোঃ ইলতেমাস ও মোহাম্মদ মাহবুবুর রহমান খান
আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট, ১/ক, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি, সেগুনবাগিচা, ঢাকা ১০০০ কর্তৃক প্রকাশিত এবং শহীদ প্রিন্টার্স থেকে মুদ্রিত।